

# অধ্যায় ১২
# বাংলাদেশ ও বিশ্ব

## ■ অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

### ➲ অল্পকথায় উত্তর দাও :

**প্রশ্ন ॥ ১ ॥ জাতিসংঘের প্রশাসনিক শাখার নাম লেখ।**

**উত্তর :** জাতিসংঘের প্রশাসনিক শাখাগুলো হলো : ১. সাধারণ পরিষদ, ২. নিরাপত্তা পরিষদ, ৩. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ, ৪. আন্তর্জাতিক আদালত, ৫. সচিবালয় ও ৬. অছি পরিষদ।

**প্রশ্ন ॥ ২ ॥ জাতিসংঘের চারটি উন্নয়নমূলক সংস্থার নাম লেখ।**

**উত্তর :** জাতিসংঘের চারটি উন্নয়নমূলক সংস্থা হলো : ১. ইউনিসেফ, ২. বিশ্বব্যাংক, ৩. ইউএনডিপি ও ৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

**প্রশ্ন ॥ ৩ ॥ সার্কের চারটি উদ্দেশ্য লেখ।**

**উত্তর :** সার্কের চারটি উদ্দেশ্য হলো :

১. সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার দ্রবত উন্নয়ন করা।
২. দেশগুলোকে বিভিন্ন বিষয়ে আত্মনির্ভরশীল হতে সাহায্য করা।
৩. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সহযোগিতাপূর্ণ সম্পর্ক তৈরি করার মাধ্যমে দেশগুলোর উন্নয়ন সাধন করা।
৪. সদস্য দেশগুলোর স্বাধীনতা রৰা ও ভৌগোলিক সীমা মেনে চলা।

### ➲ প্রশ্নগুলোর উত্তর দাও :

**প্রশ্ন ॥ ১ ॥ জাতিসংঘ কেন প্রতিষ্ঠিত হয়েছিল?**

**উত্তর :** দুটি বিশ্বযুদ্ধের ভয়াবহতা দেখে বিশ্বের তৎকালীন নেতারা বিশ্বের শান্তি ও নিরাপত্তা রৰার জন্য একটি নতুন আন্তর্জাতিক সংস্থা গঠন করার প্রয়োজনীয়তা অনুভব করেন। এরই পরিপ্রেৰিতে গড়ে উঠে জাতিসংঘ। ১৯৪৫ সালের ২৪শে অক্টোবর আনুষ্ঠানিকভাবে জাতিসংঘ জন্মলাভ করে।

**প্রশ্ন ॥ ২ ॥ ইউনিসেফের কয়েকটি কাজ বর্ণনা কর।**

**উত্তর :** ইউনিসেফ এর পুরো নাম জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিল। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে এর সদর দপ্তর অবস্থিত। ইউনিসেফ ১. শিশুদের প্রাথমিক শিৰা, ২. গ্রামে বিশুদ্ধ পানি সরবরাহ, ৩. স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরি, ৪. মা ও শিশুর স্বাস্থ্য রৰা, ৫. শিশুদের বিভিন্ন প্রতিষেধক টিকা দান ইত্যাদি কাজ করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের উত্তরে অবস্থিত সার্কের দুটি ছোট দেশ সম্পর্কে লেখ।**

**উত্তর :** বাংলাদেশের উত্তরে সার্কের দুটি দেশ হলো : নেপাল ও ভুটান।

**নেপাল :** বিশ্বের একমাত্র হিন্দু রাষ্ট্র। এটিকে 'হিমালয় কন্যা' বলা হয়। এদেশে 'মাউন্ট এভারেস্ট' রয়েছে যার উচ্চতা ৮,৮৫০ মিটার। সার্কের সদর দপ্তর নেপালের কাঠমন্ডুতে।

**ভুটান :** ১৯৪৯ সালে ব্রিটেনের নিকট থেকে স্বাধীনতা লাভ করে। রাষ্ট্রীয় নাম দি কিংডম অব ভুটান। ভাষা দোজংখা। মুদ্রা 'গুলট্রাম'। অধিকাংশ লোক বৌদ্ধ ধর্মাবলম্বী। জাতীয় খেলা তীরন্দাজী।

## ■ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### ➲ যোগ্যতাভিত্তিক

**১. বাংলাদেশ সেনাবাহিনী জাতিসংঘের শান্তিরৰা বাহিনীতে নিষ্ঠা ও সাহসিকতার সাথে দায়িত্ব পালন করে বিশ্বের সুনাম কুড়িয়েছে। এর শান্তিরৰা বাহিনী জাতিসংঘের কোন শাখার অধীনে?**

ক. সাধারণ পরিষদ　খ. অছি পরিষদ
গ. নিরাপত্তা পরিষদ ✓　ঘ. সচিবালয়

**২. বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রতিবছরই বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানে। ফলে এদেশে খাদ্য ঘাটতি দেখা দেয়। এৰেত্রে কোন সংস্থার নিকট থেকে আমরা সহযোগিতা পেয়ে থাকি?**

ক. ইউনেস্কো　খ. ইউএনডিপি
গ. খাদ্য ও কৃষি সংস্থা ✓　ঘ. বিশ্ব স্বাস্থ্য সংস্থা

**৩. বাংলাদেশের সাথে মায়ানমারের সমুদ্রসীমা নিয়ে বিরোধ ছিল। এ ধরনের বিভিন্ন বিরোধ মীমাংসার জন্য বাংলাদেশের করণীয় হলো—**

ক. অছি পরিষদে মামলা করা
খ. নিরাপত্তা পরিষদে মামলা করা
গ. সাধারণ পরিষদে মামলা করা
ঘ. আন্তর্জাতিক আদালতে মামলা করা ✓

**৪. বাংলাদেশ কোন সংস্থার নিকট থেকে শিৰা, যোগাযোগ ও অন্যান্য ৰেত্রে উন্নয়নে আর্থিক সহায়তা পেয়ে থাকে?**

ক. বিশ্ব স্বাস্থ্য সংস্থা　খ. বিশ্বব্যাংক ✓
গ. ইউনেস্কো　ঘ. ইউনিসেফ

**৫. খাসিয়াদের এলাকায় একটি সংস্থা শিশু উন্নয়নের কাজ করে। এৰেত্রে কোন নামটি গ্রহণযোগ্য?**

ক. ইউনিসেফ　খ. ইউনেস্কো ✓
গ. ইউএনডিপি　ঘ. সার্ক

**৬. বাংলাদেশ সেনাবাহিনী জাতিসংঘের শান্তিরৰা বাহিনীতে নিষ্ঠা ও সাহসিকতার সাথে দায়িত্ব পালন করে বিশ্বের সুনাম অর্জন**

করেছে। এই শান্তিরৰা বাহিনী জাতিসংঘের কোন শাখার অধীন?

ক. সাধারণ পরিষদ খ. সচিবালয়

গ. অছি পরিষদ ঘ. নিরাপত্তা পরিষদ ✓

৭. **বাংলাদেশের সুন্দরবন, ষাটগম্বুজ মসজিদ, পাহাড়পুরসহ প্রত্নতাত্ত্বিক নির্দশন রৰায় কোন সংস্থা সহযোগিতা করছে?**

ক. সার্ক খ. জাতিসংঘ

গ. ইউএনডিপি ঘ. ইউনেস্কো ✓

৮. **জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে দশটি দেশকে নির্বাচন করে। এসকল অস্থায়ী সদস্যদের মেয়াদ কত বছর?**

ক. দুই বছর ✓ খ. এক বছর

গ. তিন বছর ঘ. পাঁচ বছর

৯. **বাংলাদেশ সেনাবাহিনী কীভাবে দায়িত্ব পালন করে বিশ্বে সুনাম কুড়িয়েছে?**

ক. নিষ্ঠা ও দ্রবততার সাথে খ. ধৈর্য ও বীরত্বের সাথে

গ. নিষ্ঠা ও সাহসিকতার সাথে✓ ঘ. ধৈর্য ও ঐকান্তিকতার সাথে

১০. **একটি রাষ্ট্রে শান্তি ফিরিয়ে আনার জন্য নিরাপত্তা পরিষদ কীভাবে ভূমিকা পালন করে?**

ক. সামরিক শক্তির ব্যবহার করে ✓

খ. সচিব নিয়োগ করে

গ. বোমা বর্ষণ করে

ঘ. গৃহযুদ্ধ লাগিয়ে

১১. **বিশ্বের দেশগুলোর জন্য কী প্রয়োজন বলে তুমি মনে কর?**

ক. ভ্রাতৃত্ব ও বন্ধুত্ব ✓ খ. বন্ধুত্ব ও সহযোগিতা

গ. সম্প্রীতি ও সহযোগিতা ঘ. ভ্রাতৃত্ব ও সম্প্রীতি

১২. **বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রতিষ্ঠা করা হয়েছে কেন?**

ক. কৃষি উন্নয়ন খ. শিল্প উন্নয়ন

গ. স্বাস্থ্য উন্নয়ন ✓ ঘ. জলবায়ু নিয়ে কাজ করতে

১৩. **জাতিসংঘের বিভিন্ন উন্নয়নমূলক সংস্থা রয়েছে। তন্মধ্যে নিচের কোন সংস্থাটি বিশ্বের শিশুদের উন্নয়নে কাজ করে?**

ক. ইউএনডিপি খ. ইউনিসেফ ✓

গ. ইউনেস্কো ঘ. ইউএনএফপিএ

১৪. **ইউএনডিপি প্রতিষ্ঠিত হয়েছে কেন?**

ক. শিশু অধিকার রৰায় খ. পরিবেশ উন্নয়নে ✓

গ. নারী অধিকার রৰায় ঘ. যুদ্ধ বন্ধ করতে

১৫. **২০০৬ সালেও দেশটি সার্কের সদস্য ছিল না। বর্তমানে সদস্য। এই সদস্য রাষ্ট্র কোনটি?**

ক. বাংলাদেশ খ. ভারত

গ. নেপাল ঘ. আফগানিস্তান ✓

১৬. **আফগানিস্তান একটি আঞ্চলিক সহযোগিতা সংস্থার সর্বশেষ সদস্য রাষ্ট্র। এ সংস্থাটি গঠিত হয় কোন তারিখে?**

ক. ৮ই ডিসেম্বর ✓ খ. ৯ই ডিসেম্বর

গ. ১০ই ডিসেম্বর ঘ. ৯ই মার্চ

১৭. **FAO-এর সদর দপ্তর দেখতে হলে আরিফকে কোন দেশে যেতে হবে?**

ক. ডেনমার্ক খ. জার্মান গ. ইতালি✓ ঘ. কানাডা

১৮. **বাংলাদেশ ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করে। জাতিসংঘের সদস্যপদ লাভ করে কত সালে?**

ক. ১৯৭১ খ. ১৯৭২ গ. ১৯৭৩ ঘ. ১৯৭৪ ✓

১৯. **বিশ্ব স্বাস্থ্য দিবস উপলৰে তোমাদের বিদ্যালয়ে অনুষ্ঠান আয়োজন করা হবে। এৰেত্রে কত তারিখে অনুষ্ঠানটি হবে?**

ক. ৭ই মার্চ খ. ৭ই আগস্ট

গ. ৭ই জুন ঘ. ৭ই এপ্রিল ✓

২০. **বিশ্বের দেশগুলোর মধ্যে সহযোগিতার লক্ষ্যে কোনটির কোনো বিকল্প নেই?**

ক. ক্ষুধা ও দারিদ্র্যের খ. বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের ✓

গ. সমস্যা ও সমাধানের ঘ. উৎসাহ ও আগ্রহের

২১. **জাতিসংঘের উন্নয়নমূলক সংস্থাটি ইউএনডিপি কোন ক্ষেত্রে কাজ করছে?**

ক. বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়ন খ. শিশুদের পুষ্টিহীনতা দূর

গ. পরিবেশ উন্নয়ন ✓ ঘ. রোগ ব্যাধি থেকে রক্ষা

২২. **তোমার ছোট ভাই প্রথম শ্রেণিতে পড়ে। তুমি পঞ্চম শ্রেণিতে। তোমাদের জন্য জাতিসংঘের কোন সংস্থা কাজ করবে?**

ক. UNDP খ. FAO

গ. UNICEF ✓ ঘ. WTO

২৩. **বিশ্বের বিভিন্ন দেশে শান্তির জন্য সশস্ত্রবাহিনী প্রেরণ করলেও কাদের নিজস্ব কোনো সামরিক বাহিনী নেই?**

ক. বাংলাদেশের খ. সার্কের

গ. জাতিসংঘের ✓ ঘ. যুক্তরাষ্ট্রের

২৪. **১৯৪৫ সালে জাতিসংঘ গঠিত হয়। এর বর্তমান মহাসচিব দৰিণ কোরিয়ার নাগরিক। তার নাম কী?**

ক. ট্রিগভেলি খ. বান কি মুন ✓

গ. কফি আনান ঘ. কুট ওয়াল্ড হেইম

২৫. **বাংলাদেশ দুইবার নিরাপত্তা পরিষদের সদস্য হয়। এ সদস্যপদ ছিল–**

ক. স্থায়ী খ. অস্থায়ী ✓

গ. সামরিক ঘ. বছরব্যাপী

২৬. **জাতিসংঘের মহাসচিব নিয়োগ কীভাবে করা হয়?**

ক. অছি পরিষদের মাধ্যমে

✓খ. সাধারণ পরিষদের মাধ্যমে

গ. নিরাপত্তা পরিষদের মাধ্যমে

ঘ. সচিবালয়ের মাধ্যমে

**➲ সাধারণ**

২৭. **সদস্য দেশগুলোর জীবনযাত্রার মান উন্নয়ন কোন সংস্থার লৰ?**

ক. জাতিসংঘ খ. সার্ক ✓

গ. ইউনিসেফ ঘ. ইউনেস্কো

**২৮. পৃথিবীতে বাংলাদেশসহ মোট কয়টি দেশ আছে?**
ক. ১৯০ খ. ১৯২
গ. ১৯৪ ঘ. ১৯৫ ✓

**২৯. পরিবেশ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে জাতিসংঘের যে সংস্থাটি কাজ করে তার নাম কী?**
ক. ইউনিসেফ খ. ইউনেস্কো
গ. ইউএনডিপি ✓ ঘ. খাদ্য ও কৃষি সংস্থা

**৩০. জাতিসংঘের প্রশাসনিক কাজ করে কোন শাখা?**
ক. সাধারণ পরিষদ খ. অছি পরিষদ
গ. জাতিসংঘ সচিবালয় ✓ ঘ. নিরাপত্তা পরিষদ

**৩১. কোনটি বিশ্বব্যাংক এর কাজ?**
ক. খাদ্য চাহিদা পূরণ
খ. বিশ্বের জনগণের স্বাস্থ্যের উন্নয়ন
গ. মহাসচিব নিয়োগ
ঘ. ঋণ ও সাহায্য প্রদান ✓

**৩২. বাংলাদেশ কতবার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে?**
ক. এক খ. দুই ✓ গ. তিন ঘ. চার

**৩৩. নিচের কোন দেশটি সার্কের সদস্য নয়?**
ক. বাংলাদেশ খ. ভারত
গ. চীন ✓ ঘ. আফগানিস্তান

**৩৪. মায়ানমারের সাথে বাংলাদেশের সমুদ্র সীমানা সংক্রান্ত বিরোধের রায় আন্তর্জাতিক আদালত কত সালে দেয়?**
ক. ২০১০ খ. ২০১১ গ. ২০১২✓ ঘ. ২০১৩

**৩৫. জাতিসংঘের মহাসচিব হলেন–**
ক. দৰিণ কোরিয়ার নাগরিক ✓
খ. উত্তর কোরিয়ার নাগরিক
গ. যুক্তরাজ্যের নাগরিক
ঘ. যুক্তরাষ্ট্রের নাগরিক

**৩৬. বাংলাদেশের জাতিসংঘের সদস্য হয়–**
ক. ১৯৮০ সালেখ. ১৯৭৮ সালে
গ. ১৯৭৪ সালে ✓ ঘ. ১৯৭৬ সালে

**৩৭. বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা কত?**
ক. ১৮৯ খ. ১৯৩ গ. ১৯১ ঘ. ১৯২

**৩৮. কতটি রাষ্ট্রকে নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচন করা হয়?**
ক. ১০ ✓ খ. ১২ গ. ১১ ঘ. ১৪

**৩৯. বিশ্ব মাতৃভাষা দিবস কত তারিখে?**
ক. ১১ ফেব্রুয়ারি খ. ২১ ফেব্রুয়ারি ✓
গ. ২১ মার্চ ঘ. ২৬ মার্চ

**৪০. ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক. প্যারিসে✓ খ. জেনেভায় গ. ব্রাসেলসে ঘ. নিউইয়র্কে

**৪১. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি?**
ক. ৫ ✓ খ. ৬ গ. ৭ ঘ. ৮

**৪২. দৰিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা গঠিত হয় কবে?**
ক. ১৯৮৫ সালের মার্চ খ. ১৯৮৫ সালের এপ্রিল
গ. ১৯৮৫ সালের মে ঘ. ১৯৮৫ সালের ডিসেম্বর ✓

**৪৩. সার্ক এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক. কাঠমুন্ডুতে✓ খ. ঢাকায় গ. ভারতে ঘ. ইসলামাবাদে

**৪৪. বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শন রৰায় কোন সংস্থা কাজ করছে?**
ক. বিশ্ব স্বাস্থ্য সংস্থা খ. বিশ্ব ব্যাংক
গ. ইউনেস্কো ✓ ঘ. ইউনিসেফ

**৪৫. কোনটি আঞ্চলিক সহযোগিতা সংস্থা?**
ক. SAARC ✓ খ. UNDP
গ. UNESCO ঘ. UNICEF

**৪৬. ইউনিসেফ কাদের জন্য কাজ করে?**
ক. সকলের খ. নারীদের
গ. শিশুদের ✓ ঘ. পুরুষদের

**৪৭. জাতিসংঘ গঠিত হয়–**
ক. ১৯২০ সালের ১০ই জানুয়ারি
খ. ১৯৪৬ সালের ২৪শে অক্টোবর
গ. ১৯৪৫ সালের ২৪শে অক্টোবর ✓
ঘ. ১৯৪০ সালের ১০ই জানুয়ারি

**৪৮. বাংলাদেশ কখন জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করে?**
ক. ১৯৮৩ সালেখ. ১৯৭৯ সালে
গ. ১৯৯১ সালে ঘ. ১৯৮৬ সালে ✓

**৪৯. বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক. ওয়াশিংটনে ✓ খ. ইতালিতে
গ. প্যারিসে ঘ. শ্রীলঙ্কায়

**৫০. পৃথিবীতে এখন পর্যন্ত কয়টি বিশ্বযুদ্ধ হয়েছে?**
ক. ৪ খ. ৩ গ. ১ ঘ. ২ ✓

**৫১. বাংলাদেশ কতবার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে?**
ক. ৭ খ. ২ ✓ গ. ১ ঘ. ৪

**৫২. জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিল এর সংৰিপ্ত রূ প কোনটি?**
ক. ইউনিসেফ ✓ খ. ইউনেস্কো
গ. ইউএনডিপি ঘ. সাক

## ■ সংৰিপ্ত প্রশ্ন ও উত্তর

**➲ যোগ্যতাভিত্তিক**

**প্রশ্ন–১ : জাতিসংঘ গঠনের দুইটি উদ্দেশ্য লেখ।**

**উত্তর :** জাতিসংঘ গঠনের দুইটি উদ্দেশ্য হলো :

১. বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করা।
২. বিভিন্ন দেশের মধ্যে বিদ্যমান বিবাদ মীমাংসা করা।

**প্রশ্ন–২ : সার্ক প্রতিষ্ঠার লৰ্য কী?**

**উত্তর :** সদস্য রাষ্ট্রগুলোর সম্মিলিত চেষ্টা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে দেশগুলোর মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করাই হচ্ছে সার্ক এর লৰ্য।

**প্রশ্ন–৩ : বিশ্বশান্তি প্রতিষ্ঠার লৰ্যে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর একটি আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠা লাভ করে। সংস্থাটির নাম কী?**

**উত্তর :** সংস্থাটির নাম জাতিসংঘ।

**প্রশ্ন–৪ : ১৯৪৫ সালে গঠিত হয় জাতিসংঘ। এ সংস্থার প্রধান লক্ষ্য কী?**
**উত্তর :** এ সংস্থার প্রধান লক্ষ্য আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ মীমাংসা করা।

**প্রশ্ন–৫ : জাতিসংঘের একটি পরিষদের পাঁচটি স্থায়ী ও দশটি অস্থায়ী সদস্য রাষ্ট্র রয়েছে। এখানে কোন পরিষদকে বোঝানো হয়েছে?**
**উত্তর :** এখানে নিরাপত্তা পরিষদকে বোঝানো হয়েছে।

**প্রশ্ন–৬ : জাতিসংঘের 'ক' শাখাটি অছিভুক্ত এলাকাসমূহের তত্ত্বাবধান করে। 'ক' দ্বারা কোন শাখাকে বোঝাচ্ছে?**
**উত্তর :** 'ক' দ্বারা অছি পরিষদকে বোঝাচ্ছে।

**প্রশ্ন–৭ : আমাদের দেশের বেকার সমস্যা সমাধানে জাতিসংঘের একটি শাখা কাজ করে থাকে। শাখাটির নাম কী?**
**উত্তর :** শাখাটির নাম অর্থনৈতিক ও সামাজিক পরিষদ।

**প্রশ্ন–৮ : জুনায়েদের বাবা জাতিসংঘের একটি শাখায় কর্মরত। শাখাটি বিশ্বের শান্তি ও নিরাপত্তা রক্ষায় কাজ করে। জুনায়েদের বাবা জাতিসংঘের কোন শাখায় কর্মরত?**
**উত্তর :** জুনায়েদের বাবা জাতিসংঘের নিরাপত্তা পরিষদে কর্মরত।

**প্রশ্ন–৯ : মুনার বাবা ইউনিসেফে চাকরি করেন। এ সংস্থাটি কাদের উন্নয়নে কাজ করে?**
**উত্তর :** ইউনিসেফ শিশুদের উন্নয়নে কাজ করে।

**প্রশ্ন–১০ : জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থার উদ্যোগে ২১–এ ফেব্রুয়ারি বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে। এ সংস্থাটির নাম কী?**
**উত্তর :** এ সংস্থাটির নাম ইউনেস্কো।

**প্রশ্ন–১১ : আহাদ রোমে বেড়াতে গিয়ে জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থার সদর দপ্তর দেখতে গেল। এ সদর দপ্তরটি কোন সংস্থার?**
**উত্তর :** সদর দপ্তরটি খাদ্য ও কৃষি সংস্থার।

**প্রশ্ন–১২ : জাতিসংঘের একটি অঙ্গ সংস্থা বিশ্বের ছয়টি অঞ্চলে কার্যক্রম পরিচালনা করে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

**প্রশ্ন–১৩ : জাতিসংঘের একটি উন্নয়ন সংস্থা শিক্ষা ও সংস্কৃতি বিষয়ে কার্যক্রম পরিচালনা করে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম ইউনেস্কো।

**প্রশ্ন–১৪ : 'ক' সংস্থাটি বিভিন্ন প্রত্নুনিদর্শনসমূহ রক্ষায় কাজ করে। 'ক' এর সাথে জাতিসংঘের কোন সংস্থার সাদৃশ্য রয়েছে?**
**উত্তর :** 'ক' এর সাথে জাতিসংঘের ইউনেস্কোর সাদৃশ্য রয়েছে।

**প্রশ্ন–১৫ : জাতিসংঘের একটি দপ্তর প্রশাসনিক কাজ পরিচালনা করে। দপ্তরটির নাম কী?**
**উত্তর :** দপ্তরটির নাম জাতিসংঘ সচিবালয়।

**প্রশ্ন–১৬ : জাতিসংঘের একটি শাখা বিশ্ব শান্তি ও নিরাপত্তার দায়িত্ব পালন করে। শাখাটির নাম কী?**
**উত্তর :** শাখাটির নাম নিরাপত্তা পরিষদ।

**প্রশ্ন–১৭ : জাতিসংঘের একটি শাখা আন্তর্জাতিক বিরোধ মীমাংসায় কাজ করে। শাখাটির নাম কী?**
**উত্তর :** শাখাটির নাম আন্তর্জাতিক আদালত।

**প্রশ্ন–১৮ : বাংলাদেশ একটি আন্তর্জাতিক সংস্থার সহায়তায় মা ও শিশুর স্বাস্থ্যসেবা, পুষ্টিহীনতা দূর, শিশুর শিক্ষা নিশ্চিত করাসহ বিভিন্ন কাজ করে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম ইউনিসেফ।

**প্রশ্ন–১৯ : জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থা বাংলাদেশে খাদ্য সমস্যা মোকাবেলা এবং জনগণের স্বাস্থ্য ও পুষ্টির উন্নয়নে কাজ করে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম FAO।

**প্রশ্ন–২০ : জাতিসংঘের একটি সংস্থার উদ্যোগে বাংলা আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা পেয়েছে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম ইউনেস্কো।

**প্রশ্ন–২১ : জাতিসংঘের একটি সংস্থা বাংলাদেশে পরিবেশ উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা, দারিদ্র বিমোচন ইত্যাদি ক্ষেত্রে কাজ করছে। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম UNDP।

**প্রশ্ন–২২ : জাতিসংঘের একটি উন্নয়নমূলক সংস্থার অবদানের কারণে বিশ্ব থেকে গুটি বসন্ত রোগ দূর করা সম্ভব হয়েছে। সংস্থাটি কী?**
**উত্তর :** সংস্থাটি হলো বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

**প্রশ্ন–২৩ : ১৯৮৫ সালের ৮ই ডিসেম্বর দক্ষিণ এশিয়ার ৭টি দেশ নিয়ে গঠিত হয় একটি সংস্থা। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম সার্ক।

**প্রশ্ন–২৪ : ২০০৭ সালে আফগানিস্তান দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সংস্থার সদস্য হয়। সংস্থাটির নাম কী?**
**উত্তর :** সংস্থাটির নাম সার্ক।

**প্রশ্ন–২৫ : 'ক' সংস্থাটির উদ্দেশ্য হলো সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার দ্রুত উন্নয়ন করা। এটি কোন সংস্থা?**
**উত্তর :** এটি সার্ক সংস্থা।

### ➲ সাধারণ

**প্রশ্ন–২৬ : বাংলাদেশ কবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?**
**উত্তর :** বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ই সেপ্টেম্বর তারিখে জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

**প্রশ্ন–২৭ : সার্ক গঠিত হয় কবে?**
**উত্তর :** সার্ক গঠিত হয় ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর।

**প্রশ্ন–২৮ : ইউনিসেফ কাদের উন্নয়নে কাজ করে?**
**উত্তর :** ইউনিসেফ বিশ্বের শিশুদের উন্নয়নে কাজ করে।

**প্রশ্ন–২৯ : FAO কী?**
**উত্তর :** FAO হচ্ছে জাতিসংঘের খাদ্য ও কৃষিবিষয়ক সংস্থা।

**প্রশ্ন–৩০ : জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?**
**উত্তর :** জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা ১৯৩টি।

**প্রশ্ন–৩১ : বর্তমান জাতিসংঘের মহাসচিব কোন দেশের নাগরিক?**
**উত্তর :** বর্তমান জাতিসংঘের মহাসচিব দক্ষিণ কোরিয়ার নাগরিক।

**প্রশ্ন–৩২ : বাংলাদেশ কবে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছে?**
**উত্তর :** ১৯৮৬ সালে বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেন।

**প্রশ্ন–৩৩ : ইউনিসেফ এর (বাংলা অর্থে) পুরো নাম কী?**
**উত্তর :** ইউনিসেফ এর (বাংলা অর্থে) পুরো নাম জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিল।

**প্রশ্ন–৩৪ : কয়টি দেশ নিয়ে সার্ক যাত্রা শুরু করে?**
**উত্তর :** সাতটি দেশ নিয়ে সার্ক যাত্রা শুরু করে।

**প্রশ্ন–৩৫ : বহির্বিশ্ব কাকে বলে?**
**উত্তর :** নিজ দেশের বাইরে অবস্থিত দেশগুলোকে বহির্বিশ্ব বলে।

**প্রশ্ন–৩৬ : জাতিসংঘের কোন প্রতিষ্ঠানটির উদ্যোগে ২১ ফেব্রুয়ারি বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে?**
**উত্তর :** জাতিসংঘের অঙ্গ সংস্থা ইউনেস্কোর উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি 'বিশ্ব মাতৃভাষা দিবসের' মর্যাদা পেয়েছে।

**প্রশ্ন–৩৭ : বিশ্বব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?**
**উত্তর :** বিশ্বব্যাংকের সদর দপ্তর অবস্থিত যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে।

**প্রশ্ন–৩৮ : WHO-এর পূর্ণরূপ ও বাংলা অর্থ কী?**
**উত্তর :** WHO-এর পূর্ণরূপ হচ্ছে– Word Health Organisation যার বাংলা অর্থ হচ্ছে 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'।

**প্রশ্ন–৩৯ : ইউনেস্কোর উদ্যোগে আমরা কী পেয়েছি?**
**উত্তর :** ইউনেস্কোর উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি আমাদের ভাষা শহিদ দিবস বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছি। বাংলাদেশের সুন্দরবন, ষাটগম্বুজ মসজিদ, পাহাড়পুরসহ প্রত্নতাত্ত্বিক নিদর্শন রক্ষায় ইউনেস্কো সহযোগিতা করছে।

**প্রশ্ন–৪০ : নিরাপত্তা পরিষদের প্রধান লক্ষ্য কী?**

**উত্তর :** নিরাপত্তা পরিষদের প্রধান লৰ্য হচ্ছে, বিশ্বের শান্তি ও নিরাপত্তা রৰার দায়িত্ব পালন করা।

**প্রশ্ন–৪১ : SAARC-এর পুরা অর্থ কী?**

**উত্তর :** SAARC-এর পুরা অর্থ (South Asian Association for Regional Co-operation) এর বাংলা হলো 'দৰিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা'।

**প্রশ্ন–৪২ : UNESCO কী নিয়ে কাজ করে?**

**উত্তর :** UNESCO বিভিন্ন রাষ্ট্রের শিৰা, বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়ন, বিকাশ ও সংরৰণের কাজ করে।

**প্রশ্ন–৪৩ : UNICEF–এর কাজগুলো লেখ।**

**উত্তর :** UNICEF শিশুদের প্রাথমিক শিৰা, গ্রামে বিশুদ্ধ পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরি, মা ও শিশুর স্বাস্থ্য রৰা, শিশুদের বিভিন্ন প্রতিষেধক টিকা দান ইত্যাদি কাজ করে।

**প্রশ্ন–৪৪ : অছি পরিষদের কাজ কী?**

**উত্তর :** পৃথিবীর অনুন্নত অঞ্চলের অধিবাসীদের স্বাধীনতা দেওয়া এবং দেশগুলো যেন নিজেরাই নিজেদের শাসন করতে পারে সেজন্য উপযুক্ত করে গড়ে তোলাই অছি পরিষদের কাজ।

**প্রশ্ন–৪৫ : FAO কেন গঠিত হয়েছে?**

**উত্তর :** বিশ্বকে খাদ্য সমস্যা থেকে মুক্ত করার জন্য FAO গঠিত হয়েছে।

**প্রশ্ন–৪৬ : এ পর্যন্ত কয়টি বিশ্বযুদ্ধ সংঘটিত হয়েছে?**

**উত্তর :** এ পর্যন্ত দুটি বিশ্বযুদ্ধ সংঘটিত হয়েছে।

**প্রশ্ন–৪৭ : জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় কবে?**

**উত্তর :** জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৪শে অক্টোবর।

**প্রশ্ন–৪৮ : 'বিশ্ব স্বাস্থ্য দিবস' প্রতিবছর কোন তারিখে পালিত হয়?**

**উত্তর :** বিশ্ব স্বাস্থ্য দিবস প্রতিবছর ৭ই এপ্রিল তারিখে পালিত হয়।

**প্রশ্ন–৪৯ : বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান কাজ কী?**

**উত্তর :** স্বাস্থ্য ও রোগব্যাধি সম্পর্কে মানুষকে সচেতন করা, স্বাস্থ্য বিষয়ক শিক্ষা ও প্রশিক্ষণ দেয়া বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান কাজ।

**প্রশ্ন–৫০ : বাংলাদেশ বিশ্বব্যাংকের কাছ থেকে কী সহায়তা পেয়ে থাকে?**

**উত্তর :** বাংলাদেশ বিশ্বব্যাংকের কাছ থেকে শিৰা, যোগাযোগ ও অন্যান্য ৰেত্রের উন্নয়নে সহায়তা পেয়ে থাকে।

**প্রশ্ন–৫১ : সার্কের সদস্য দেশগুলোর নাম লেখ।**

**উত্তর :** সার্কের সদস্য দেশগুলো হলো– বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও আফগানিস্তান।

**প্রশ্ন–৫২ : জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিলের সংৰিপ্ত নাম কী?**

**উত্তর :** ইউনিসেফ হলো জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিলের সংৰিপ্ত নাম।

**প্রশ্ন–৫৩ : ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

**উত্তর :** ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত।

**প্রশ্ন–৫৪ : বাংলাদেশের কে জাতিসংঘ সাধারণ পরিষদে সভাপতির দায়িত্ব পালন করেছেন?**

**উত্তর :** বাংলাদেশের হুমায়ূন রশীদ চৌধুরী জাতিসংঘ সাধারণ পরিষদে সভাপতির দায়িত্ব পালন করেছেন।

## ■ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

### ➲ যোগ্যতাভিত্তিক

**প্রশ্ন–১ : সার্ক গঠনের পাঁচটি উদ্দেশ্য লেখ।**

**উত্তর :** সার্ক গঠনের পাঁচটি উদ্দেশ্য হলো :

১. সদস্য দেশগুলোর মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা।
২. সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক অবস্থার দ্রবত উন্নয়ন করা।
৩. দেশগুলোকে বিভিন্ন বিষয়ে আত্মনির্ভরশীল হতে সাহায্য করা।
৪. দেশগুলোর মধ্যে ভ্রাতৃত্ব সৃষ্টি ও পরস্পর মিলেমিশে চলা।
৫. এক রাষ্ট্র অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তৰেপ না করা।

**প্রশ্ন–২ : জাতিসংঘের মহৎ উদ্দেশ্যগুলো পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর :** বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করা জাতিসংঘের মূল উদ্দেশ্য। এ লৰ্যে জাতিসংঘ বিভিন্ন জাতি তথা দেশের মধ্যে সম্প্রীতি স্থাপন করার চেষ্টা করে। অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ৰেত্রে বিভিন্ন দেশের মধ্যে সহযোগিতা গড়ে তোলে। জাতি ধর্ম, বর্ণ নির্বিশেষে সবার স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান গড়ে তোলে। বিভিন্ন দেশের মধ্যে বিদ্যমান বিবাদ মীমাংসা করে।

**প্রশ্ন–৩ : জাতিসংঘ কী? জাতিসংঘ গঠনের চারটি উদ্দেশ্য লেখ।**

**উত্তর :** জাতিসংঘ একটি আন্তর্জাতিক সহযোগি সংস্থা। সংস্থাটি কিছু মহৎ উদ্দেশ্য অর্জনের লৰ্যে গঠিত হয়েছে। এর মধ্যে উলেরখযোগ্য চারটি উদ্দেশ্য হলো :

১. বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করা।
২. বিভিন্ন জাতি তথা দেশের মধ্যে সম্প্রীতি স্থাপন করা।
৩. জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষে সবার স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান গড়ে তোলা।
৪. বিভিন্ন দেশের মধ্যে বিদ্যমান বিবাদ মীমাংসা করা।

**প্রশ্ন–৪ : বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতা প্রয়োজন কেন? পাঁচটি বাক্যে লেখ।**

**উত্তর :** বিশ্বের প্রতিটি দেশকেই কোনো না কোনোভাবে অন্য দেশের ওপর নির্ভর করতে হয়। প্রতিটি দেশই চায় নিজ দেশের জনগণের চাহিদা পূরণ করতে, সেই সঙ্গে নিজের দেশকে উন্নত ও সমৃদ্ধ করতে। আর এর জন্য একটি দেশকে প্রতিবেশী দেশ বা অন্য দেশের কম–বেশি সাহায্য সহযোগিতা নিতে হয়। আবার এমন অনেক সমস্যা আছে যেগুলো একাধিক দেশের সহযোগিতা ছাড়া সমাধান সম্ভব হয় না। এ কারণে বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতার প্রয়োজন হয়।

**প্রশ্ন–৫ : জাতিসংঘের সদর দপ্তর কোথায়? জাতিসংঘের চারটি উদ্দেশ্য লেখ।**

**উত্তর :** জাতিসংঘের সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে অবস্থিত।জাতিসংঘের উলেরখযোগ্য চারটি উদ্দেশ্য হলো:

১. বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করা।
২. বিভিন্ন জাতি তথা দেশে মধ্যে সম্প্রীতি স্থাপন করা।
৩. জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষে সবার স্বাধীনতা ও মৌলিক অধিকারের প্রতি সম্মান গড়ে তোলা।
৪. বিভিন্ন দেশের মধ্যে বিদ্যমান বিবাদ মীমাংসা করা।

**প্রশ্ন–৬ : বাংলাদেশের সেনাবাহিনী একটি সুশৃঙ্খল বাহিনী। জাতিসংঘের শান্তিমিশনে এর উজ্জ্বল ভাবমূর্তি আছে। শান্তিমিশনে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা কী?**

**উত্তর :** জাতিসংঘ কর্তৃক বিভিন্ন দেশে পরিচালিত কার্যক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর ভূমিকা উল্লেখ করা হলো :

ক. ভূমি মাইন অপ্রসারণ।
খ. জঙ্গি দমনের মাধ্যমে শৃঙ্খলা ফিরিয়ে আনা।
গ. বিদ্রোহীদের সাথে সরকারের পারস্পরিক সম্পর্ক স্থাপনে সাহায্য করা।
ঘ. চিকিৎসা সেবা প্রদান।

৬. খাদ্য সম্পদের যথার্থ বণ্টন।

**প্রশ্ন–৭ : জাতিসংঘের একটি সংস্থা শিশুসহ সকলের উন্নয়নে কাজ করে। এ সংস্থাটির নাম কী? সংস্থাটি সম্পর্কে চারটি বাক্য লেখ।**

**উত্তর :** জাতিসংঘের যে সংস্থাটি শিশুসহ সকলের উন্নয়নে কাজ করে তার নাম ইউনেস্কো।

সংস্থাটি সম্পর্কে চারটি বাক্যে নিচে উলেরখ করা হলো :

১. বাংলাদেশসহ জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র এ সংস্থার সদস্য।
২. এটি বিভিন্ন রাষ্ট্রের শিৰা, বিজ্ঞান ও সংস্কৃতির উন্নয়ন, বিকাশ ও সংরৰণের জন্য কাজ করে।
৩. ইউনেস্কোর উদ্যোগে ২১ ফেব্রবয়ারি আমাদের ভাষা শহিদ দিবস বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে।
৪. বাংলাদেশের সুন্দরবন, ষাটগম্বুজ মসজিদ, পাহাড়পুরসহ প্রত্নতাত্ত্বিক নিদর্শন রৰায় ইউনেস্কো সহযোগিতা করছে।

**প্রশ্ন–৮ : ইউনেস্কো কী? এর সদর দপ্তর কোথায়? বাংলাদেশে সংস্থাটির ভূমিকা লেখ।**

**উত্তর :** ইউনেস্কো জাতিসংঘের সাংস্কৃতিক ও শিৰা বিষয়ক সংস্থা। ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে। বাংলাদেশসহ জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্র এর সদস্য। ইউনেস্কোর উদ্যোগে ২১শে ফেব্রবয়ারি আমাদের ভাষা শহিদ দিবস বিশ্ব মাতৃভাষা দিবসের মর্যাদা পেয়েছে। এছাড়া বাংলাদেশের সুন্দরবন, ষাটগম্বুজ মসজিদ, পাহাড়পুরসহ প্রত্নতাত্ত্বিক নিদর্শন রৰায় ইউনেস্কো সহযোগিতা করছে।

**প্রশ্ন–৯ : ইউনিসেফ কী? বাংলাদেশে ইউনিসেফ শিশুদের জন্য কী কী কাজ করে?**

**উত্তর :** জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিলকে সংৰেপে বলা হয় ইউনিসেফ। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এর সদর দপ্তর অবস্থিত।

১. মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।
২. শিশুদের পুষ্টিহীনতা রোধে উপযুক্ত পদৰেপ গ্রহণ করা।
৩. সকল শিশুর জন্য শিৰা নিশ্চিত করা।
৪. শিশুদের বিভিন্ন সংক্রামক রোগ থেকে রৰা করা।

**প্রশ্ন–১০ : খাদ্য ও কৃষি সংস্থা কবে গঠিত হয়? এর সদর দপ্তর কোথায়? বাংলাদেশে এ সংস্থাটির কাজ কী?**

**উত্তর :** বিশ্বকে খাদ্য সমস্যা থেকে মুক্ত করার লক্ষ্যে ১৯৪৫ সালের ১৬ই অক্টোবর খাদ্য ও কৃষি সংস্থা গঠিত হয়। ইতালির রাজধানী রোমে এই সংস্থার প্রধান কার্যালয়। খাদ্য ও কৃষি সংস্থা বাংলাদেশে খাদ্য সমস্যা মোকাবিলা ও জনগণের স্বাস্থ্য ও পুষ্টি উন্নয়নে কাজ করে। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে খাদ্য ঘাটতি হলে এই সংস্থা আমাদের খাদ্য সরবরাহ করে। উচ্চ ফলনশীল বিভিন্ন জাতের খাদ্য শস্য উৎপাদনে যাবতীয় কারিগরি সহায়তা প্রদান করে।

**➲ সাধারণ**

**প্রশ্ন–১১ : সার্ক গঠনের প্রক্রিয়া ব্যাখ্যা কর।**

**উত্তর :** এশিয়া মহাদেশের দৰিণ অঞ্চলে অবস্থিত সাতটি দেশ নিয়ে ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর সার্ক গঠিত হয়। পরবর্তীতে ২০০৭ সালে আফগানিস্তান যোগ দেয়। দৰিণ এশিয়ার আটটি দেশ বর্তমানে এর সদস্য। দেশগুলো হলো বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল ভুটান, শ্রীলঙ্কা, মালদ্বীপ ও আফগানিস্তান। সার্ক এর পুরো নাম 'দৰিণ এশীয় আঞ্চলিক সংস্থা'।

**প্রশ্ন–১২ : ইউনিসেফ শিশুদের জন্য কী কী কাজ করে?**

**উত্তর :** শিশুদের জন্য ইউনিসেফ নিম্নোক্ত কাজগুলো করে :

১. ইউনিসেফ শিশুদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করে।
২. গ্রামে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করে এবং স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরি করে।
৩. মা ও শিশুর স্বাস্থ্য রক্ষা এবং শিশুদের টিকাদান কর্মসূচি পালন করে।
৪. শহর এলাকায় মৌলিক সেবা কার্যক্রম পরিচালনা করে।
৫. বিশ্বের কোথাও যাতে শিশু অধিকার লঙ্ঘন না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখে।

**প্রশ্ন–১৩ : বিশ্ব ব্যাংক সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা দাও।**

**উত্তর :** জাতিসংঘের যেসব উন্নয়নমূলক সংস্থা রয়েছে তার মধ্যে বিশ্বব্যাংক অন্যম। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন শহরে বিশ্বব্যাংকের সদর দপ্তর অবস্থিত। কোনো দেশের অবকাঠামোগত উন্নয়ন ও অর্থনৈতিক সংকটে বিশ্বব্যাংক সহায়তা করে। এই সংস্থা বিশ্বের বিভিন্ন দেশের উন্নয়ন ও কারিগরি ক্ষেত্রে সহায়তা করে থাকে। দরিদ্র দেশগুলোর উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্পে সাহায্য দিয়ে থাকে।